ফিফা র্যাংকিংয়ে দুই ধাপ পেছাল বাংলাদেশ

নেপালের বিপক্ষে দুটি প্রীতি ম্যাচ খেলে অপরাজিত থাকায় ফিফা র্যাংকিংয়ে তিন ধাপ এগিয়েছিল বাংলাদেশ। ১৮৭ থেকে ১৮৪-তে উঠে এসেছিল। তবে বিশ্বকাপ বাছাইয়ে কাতারের বিপক্ষে বিধ্বস্ত হয় জেমি ডে বাহিনী। ফলে দুই ধাপ পিছিয়ে গেছে বাংলাদেশ। সবশেষ প্রকাশিত র্যাংকিং অনুযায়ী, বাংলাদেশের বর্তমান অবস্থান ১৮৬তম।

জামাল ভূঁইয়ারা কাতারের বিপক্ষে ৫-০ গোলের বড় ব্যবধানে হারায় ৩ রেটিং পয়েন্ট কমে যায়।

তবে ফিফা র্যাংকিংয়ের শীর্ষ ৫০টি পজিশনে কোনো পরিবর্তন আসেনি। যথারীতি শীর্ষস্থান ধরে রেখেছে বেলজিয়াম। বিশ্বচ্যাম্পিয়ন ফ্রান্স দ্বিতীয় স্থানেই আছে। ব্রাজিল আছে তিন নম্বরে। এরপরই যথাক্রমে ইংল্যান্ড, পর্তুগাল ও স্পেন রয়েছে।

র্যাংকিংয়ের ৭ নম্বরে আর্জেন্টিন। এর পরপরই আছে ল্যাতিন আমেরিকার দেশ উরুগুয়ে। এরপর মেক্সিকো। শীর্ষ দশের সবশেষ দেশটি ৪ বারের বিশ্ব চ্যাম্পিয়ন ইতালি।

মেহেরপুরের বারাদীতে ঐহিত্যবাহী লাঠি খেলা

মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজারে অনুষ্ঠিত হয়ে গেল লাঠি খেলা। গ্রামবাংলার ঐতিহ্যবাহী লাঠি খেলার আয়োজনকে ঘিরে স্থানীয়দের মাঝে ছিল উৎসবের আমেজ। গতকাল বৃহস্পতিবার বারাদী বাজারে অনুষ্ঠিত হয় ঐতিহ্যবাহী এই প্রাচীন খেলা।

কালের ক্রমে হারিয়ে যাওয়া লাঠি খেলা দেখতে ভিড় করে নানা বয়সের মানুষ। গ্রামীণ এ ঐতিহ্যবাহী লাঠি খেলাকে টিকিয়ে রাখতে দরকার প্রয়োজনীয় পৃষ্ঠপোষকতা এমনটাই মনে করেন দর্শনার্থীরা।

ঢাক, ঢোল আর কাঁসার ঘন্টার শব্দে চারপাশ উৎসব মুখর পরিবেশের সৃষ্টি হয়। বাদ্যের তালে শিশু ও মধ্য বয়সের সবাই নেচে নেচে লাঠি খেলে অঙ্গভঙ্গি প্রদর্শন করে লাঠিয়ালরা। তারপরই চলে লাঠির কসরত। প্রতিপক্ষের লাঠির আঘাত থেকে নিজেকে রক্ষা ও তাকে আঘাত করতে ঝাঁপিয়ে পড়েন লাঠিয়ালরা।

এসব দৃশ্য দেখে আগত দর্শকরাও করতালির মাধ্যমে উৎসাহ যোগায় খেলোয়াড়দের। হারিয়ে যাওয়া এই ঐতিহ্য বাঁচিয়ে রাখতে মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের শিশু বৃদ্ধা ও যুবকরা এই খেলা আজও আঁকড়িয়ে ধরে রেখেছেন।

খেলার ওস্তাদ বলেন সরকারি পৃষ্ঠপোষকতার মাধ্যমে নিয়মিত এই ধরনের আয়োজন করার দাবি করেন। বারাদী বাজারের বিশিষ্ট ফার্মেসি ব্যবসায়ী মাহফুজুর রহমান বলেন, হারানো ঐতিহ্য ধরে রাখতেই এই আয়োজন।

মেসিকে টপকালেন এমবাপ্পে

এতদিন চ্যাম্পিয়ন্স লিগের ইতিহাসে সর্বকনিষ্ঠ ফুটবলার হিসেবে ২০ গোল করার রেকর্ডটি দখলে ছিল বার্সেলোনা তারকা লিওনেল মেসির। গতরাতে ইস্তাম্বুল বাসাকসেহিরের বিপক্ষে গোল করে রেকর্ডটি নিজের করে নিলেন পিএসজি তারকা কিলিয়ান এমবাপ্পে। খবর বিবিসির।

বুধবার রাতে বাসাকসেহিরের বিপক্ষে ম্যাচের ৪২ মিনিটে পেনাল্টি থেকে গোল করার পর এমবাপ্পে আরো একটি গোল করেন ম্যাচের ৬২ মিনিটে। এরই মধ্য দিয়ে মাত্র ২১ বছর ৩৫৫ দিন বয়সে চ্যাম্পিয়ন্স লিগে ২০ গোলের মাইলফলক ছুঁলেন ফ্রান্সের বিশ্বকাপজয়ী তরুণ।

এর আগে মেসি এমন কীর্তি গড়েছিলেন ২২ বছর ২৬৬ দিন বয়সে। এছাড়া রাউল গঞ্জালেস ২০ গোল করেছিলেন ২২ বছর ২৯৭ দিনে। ক’দিন আগেই ফরাসী লিগ ওয়ানে মন্টেপিলারের বিপক্ষে আরেকটি কীর্তি গড়েন এমবাপ্পে। পিএসজির হয়ে ক্যারিয়ারের ১০০তম গোলটি করেছিলেন এই ফরাসি তারকা।

ভারতের বিরুদ্ধে প্রথম টেস্টে নেই ওয়ার্নার

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতের সীমিত ওভারের ক্রিকেট শেষ। আগামী ১৭ ডিসেম্বর থেকে শুরু হবে চার টেস্টের সিরিজ। তবে সিরিজ শুরুর আগেই কোহলিদের জন্য কিছুটা হলেও ভালো খবর। চোটের জন্য প্রথম টেস্টে খেলতে পারবেন না ডেভিড ওয়ার্নার।

ভারত-অস্ট্রেলিয়া সিরিজের প্রথম টেস্ট ম্যাচটি হবে গোলাপি বলে দিবারাত্রে। বিদেশে এটাই কোহলিদের প্রথম ডেনাইট টেস্ট। ১৭ ডিসেম্বর থেকে অ্যাডিলেড ওভালে শুরু হবে বর্ডার-গাভাস্কর ট্রফির প্রথম টেস্ট। কিন্তু বুধবার (৯ ডিসেম্বর) ক্রিকেট অস্ট্রেলিয়ার তরফে জানিয়ে দেওয়া হয় প্রথম টেস্টে খেলতে পারবে না ডেভিড ওয়ার্নার।

ভারতের বিরুদ্ধে দ্বিতীয় ওয়ানডে ম্যাচে ফিল্ডিং করার সময় কুঁচকিতে চোট পেয়েছিলেন ওয়ার্নার। ফলে সিরিজের শেষ ওয়ানডে তো বটেই, সদ্য সমাপ্ত তিন ম্যাচের টি-২০ সিরিজে খেলতে পারেননি বাঁহাতি এই অজি ওপেনার। এখনও সিডনিতে রিহ্যাবে রয়েছেন তিনি। আগের থেকে সুস্থ হলেও এখনও ১০০ শতাংশ ফিট নন ওয়ার্নার। এবার টেস্টের সিরিজের প্রথম ম্যাচ থেকেও ছিটকে গেলেন তিনি।

তবে মেলর্বোনে বক্সিং ডে টেস্টের আগে সুস্থ হয়ে ওঠার ব্যাপারে আশাবাদী অজি ওপেনার ওয়ার্নার। তিনি বলেন, অল্প সময়ের মধ্যেই আমি সুস্থ হয়ে উঠছি। আপাতত সিডনিতে থাকাই আমার পক্ষে ভালো। চোট অনেকটা সেরে গেছে। তবে এখনও ১০০ শতাংশ ফিট নই। উইকেটের মাঝে দৌড়াতে সমস্যা হচ্ছে। আশা করি, আরও ১০ দিন সময় পেলে পুরোপুরি ফিট হয়ে যাব।

অস্ট্রেলিয়ার কোচ জাস্টিন ল্যাঙ্গারও মনে করেন, বক্সিং ডে (২৬ ডিসেম্বর থেকে) টেস্টে পাওয়া যাবে দলের সেরা ওপেনারকে। তবে পিঙ্ক বল টেস্টে অস্ট্রেলিয়ার চিন্তা ওপেনিং নিয়ে। প্র্যাকটিস ম্যাচে মাথায় বল লাগায় মাঠ ছাড়েন উইল পুকভস্কি। ফর্মে নেই জো বার্নসও। এমন অবস্থায় ল্যাঙ্গার দলে পেতে চাইবেন উসমান খোয়াজাকে।

শুক্রবার ভারতীয়দের বিরুদ্ধে ওয়ার্ম আপ ম্যাচ খেলতে নামবে অস্ট্রেলিয়া ‘এ’। অস্ট্রেলিয়ার জাতীয় দলের নির্বাচক ট্রেভর হন্স বলেন, জো বার্নস, ক্যামেরন গ্রিন, শন অ্যাবট এবং মিচেল সোয়েপসন পিঙ্ক বলে অনুশীলন করার সুযোগ পাবে। সিডনিতে ভারতীয়দের বিরুদ্ধে প্র্যাকটিস ম্যাচ খেলে ওরা দলের সঙ্গে যোগ দেবে অ্যাডিলেডে।

বার্সেলোনাকে পাত্তাই দিলো না জুভেন্টাস

বার্সেলোনাকে তাদেরই মাঠে উড়িয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হলো জুভেন্টাস। ক্যাম্প নউয়ে মঙ্গলবার (৮ ডিসেম্বর) রাতে চ্যাম্পিয়ন্স লিগের ‘জি’ গ্রুপের ম্যাচে ৩-০ গোলে জয় পেল জুভেন্টাস। সব প্রতিযোগিতা মিলে এ নিয়ে টানা দুই ম্যাচ হারলো বার্সেলোনা। গত ৫ ডিসেম্বর লা লিগায় নবাগত কাদিসের মাঠে তারা ২-১ গোলে হেরেছিল।

শুরুর ২০ মিনিটে মধ্যে দুই গোল করে ম্যাচের নিয়ন্ত্রণ নেয় জুভেন্টাস। প্রথম সুযোগটি তারা পেয়েছিল ৯ম মিনিটে। তবে বাম দিক থেকে সতীর্থের বাড়ানো বল ডি-বক্সে পেয়ে তুলনামূলক ভালো পজিশনে থাকা হুয়ান কুয়াদরাদোকে পাস না দিয়ে গোলরক্ষক বরাবর শট নেন রোনালদো। ৪ মিনিট পর তার সফল স্পট কিকেই এগিয়ে যায় সফরকারীরা।

বাম দিক দিয়ে ডি-বক্সে ঢুকে পড়া রোনালদোকে ফাউল করে বসেন চোট কাটিয়ে ১ মাস পর সম্প্রতি ফেরা ডিফেন্ডার রোনালদো আরাহো। পেনাল্টির বাঁশি বাজাতে দ্বিতীয়বার ভাবতে হয়নি রেফারিকে। গোলরক্ষককে বোকা বানিয়ে বরাবর শটে বল কাঙ্ক্ষিত ঠিকানায় পাঠান পর্তুগিজ ফরোয়ার্ড।

২০তম মিনিটে দারুণ নৈপুণ্যে ব্যবধান দ্বিগুণ করেন ম্যাককেনি। ডান দিক থেকে কুয়াদরাদোর ক্রস ৬ গজ বক্সের বাইরে পেয়ে শরীর পুরো শূন্যে ভাসিয়ে ডান পায়ের ভলিতে গোলরক্ষককে পরাস্ত করেন যুক্তরাষ্ট্রের এই মিডফিল্ডার।

দ্বিতীয়ার্ধের সপ্তম মিনিটে রোনালদোর দ্বিতীয় গোলে ম্যাচের নিয়ন্ত্রণ পুরোপুরি পেয়ে যায় জুভেন্টাস। বার্সেলোনার ডি-বক্সে ডিফেন্ডার ক্লেমোঁ লংলের হাতে বল লাগলে ভিএআরের সাহায্যে পেনাল্টির বাঁশি বাজার রেফারি। এবার জোরালো কোনাকুনি শটে গোলটি করেন চ্যাম্পিয়ন্স লিগের রেকর্ড গোলদাতা। প্রতিযোগিতায় তার মোট ১৩৩টি গোল হলো।

৭০তম মিনিটে বার্সেলোনার পক্ষে পেনাল্টির বাঁশি বাজিয়েছিলেন রেফারি, তবে আগমুহূর্তে গ্রিজমান অফসাইডে থাকায় সেটাও বাতিল হয়ে যায়। ৭৬তম মিনিটে খুব কাছ থেকে বোনুচ্চি জালে বল পাঠিয়ে ম্যাচ শেষ করে দেওয়ার উচ্ছাসে মেতেছিলেন। কিন্তু অফসাইডে ছিলেন তিনি।

খেলার নির্ধারিত সময়ের শেষ মিনিটে আবারও মেসিকে হতাশ করেন বুফ্ফন। ডি-বক্সের মুখ থেকে তার বাম পায়ের শট ঝাঁপিয়ে ঠেকান আগামী জানুয়ারিতে ৪৩ বছর পূর্ণ করার অপেক্ষায় থাকা বিশ্বকাপজয়ী এই গোলরক্ষক।

রেফারির বিরুদ্ধে গুরুতর অভিযোগ, ১৪ মিনিট পর বন্ধ নেইমারদের ম্যাচ

মঙ্গলবার মুখোমুখি হয় পিএসজি এবং ইস্তানবুল বাসাকসেহিরে। খেলা চলছিল। কিন্তু এর মধ্যেই রেফারির বিরুদ্ধে ওঠে গুরুতর অভিযোগ। স্থগিত হয়ে যায় ম্যাচ।

জানা গেছে, ম্যাচের চতুর্থ রেফারির বিরুদ্ধে বর্ণবাদের অভিযোগের কারণে পিএসজি এবং ইস্তানবুল বাসাকসেহিরের ওই ম্যাচটি স্থগিত করা হয়েছে। তবে দুই দলের সম্মতিতে বুধবার আবারও বল মাঠে গড়াবে।

ইস্তানবুলের অভিযোগ, চতুর্থ কর্মকর্তা সেবাস্তিয়ান কোল্টেস্কু তাদের সহকারী কোচ পিয়ের ওয়েবোর উদ্দেশ্যে বর্ণবাদী ভাষা ব্যবহার করেছেন।

ক্যামেরুনের সাবেক খেলোয়াড় ওয়েবোকে ওই সময় সাইডলাইনে তর্কাতর্কি করতে দেখা যায়। রেফারি তাকে লালকার্ড দেখান।

প্রতিবাদে ইস্তানবুলের সব খেলোয়াড় মাঠ থেকে বেরিয়ে যান। তাদের সমর্থন করে পিএসজিও মাঠ ছাড়ে।

১৪তম মিনিটের এই ঘটনার সময় দুই দলই গোলহীন ছিল। বুধবার এখান থেকে আবার খেলা হবে।

দিনের অন্য ম্যাচে ম্যানচেস্টার ইউনাইটেড হেরে যাওয়ায় আগেই শেষ ষোলোয় চলে গেছে পিএসজি।

উয়েফা বিবৃতিতে বলেছে, ‘আমরা ঘটনাটি তদন্ত করে দেখছি। দুই দল সম্মতি দেয়ায় বুধবার আবার খেলা হবে।’

ইস্তানবুলের খেলোয়াড়দের সাইডলাইনে বলতে শোনা যায়, ‘কেন তুমি কালো লোক বললে? এটা কি তোমাকে বলতেই হবে?’

টিভি ফুটেজে দেখা গেছে পিএসজির এক খেলোয়াড় বলছেন, ‘সে সিরিয়াস? আমরা যাই। আমরা যাই। হয়েছে, আমরা যাই।’

পরে পিএসজি ফরোয়ার্ড এমবাপে টুইটে বলেন, ‘বর্ণবাদকে না বলুন। ওয়েবো আমরা সঙ্গে আছি।’

তুর্কি প্রেসিডেন্ট এরদোয়ানও এই ঘটনার সমালোচনা করে বিবৃতি দিয়েছেন। বলেছেন, উয়েফার বিচার করা উচিত।

বর ফুটবলার কনে ক্রিকেটার

দুজনের পরিচয়ের সূত্রপাত বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)। সেখানে পড়ার সময়েই পরিচয়, যা এক সময় গড়ায় প্রেমে। পরিবারের সম্মিতে যা পেল কাঙ্খিত পরিণয়ও।

সোমবার (৭ ডিসেম্বর) সন্ধ্যায় বিয়ে সম্পন্ন হলো জাতীয় নারী দলের ক্রিকেটার জিনাত আসিয়া অর্থি ও জাতীয় ফুটবল দলের স্ট্রাইকার মাহবুবর রহমান সুফিলের। বগুড়ার ম্যক্স মোটেলে ঘরোয়া পরিবেশে হয়

তাদের বিয়ের অনুষ্ঠান। দুই পরিবারের সদস্য ছাড়াও উপস্থিত ছিলেন বগুড়ার বেশ কয়েকজন নারী ক্রিকেটার।

মাত্রই বিশ্বকাপ ফুটবলের বাছাইপর্ব খেলে কাতার থেকে ফিরেন সুফিল। তার আগে ঘরের মাটিতে নেপালের বিপক্ষে প্রীতি ম্যাচে দৃষ্টিনন্দন গোল করে আলোচনায় এসেছিলেন।

বিয়ে নিয়ে সুফিল গণমাধ্যমকে বলেন, ‘অবশেষে বিয়েটা করেই ফেললাম। আড়াই বছর ধরে অর্থির সঙ্গে পরিচয় এক বন্ধুর মাধ্যমে। এখন সুযোগ মিলতেই অর্থিকে জীবনসঙ্গী করে নিলাম। সবাই আমাদের জন্য দোয়া করবেন।’

অর্থী বলেছেন, ‘আমাদের প্রথম পরিচয় হয় বিকেএসপির বন্ধুদের মাধ্যমে প্রায় তিন বছর আগে। এর পরে ধীরে ধীরে আমাদের সম্পর্ক আরও গভীরতা লাভ করে। অনেক আগে থেকেই বিয়ের কথা চলছিল কিন্তু সুফিলের ব্যস্ততার কারণে বিয়ে করা সম্ভব হয়নি। সম্প্রতি আমার বাবা অসুস্থ হওয়ায় বিয়ে করতে হলো করোনার মধ্যে।’

সোমবার বিয়ের অনুষ্ঠানের আগে বগুড়ায় শহীদ চান্দু স্টেডিয়ামে যান বর-কনে। সেখানে নানান আয়োজনে নারী ক্রিকেটাররা তাদের সংবর্ধনা দেন।

সিলেটের সুনামগঞ্জের ছেলে সুফিল বাংলাদেশ জাতীয় দলের সেরা তারকাদের একজন। কদিন আগেই নেপালের বিপক্ষে জয়সূচক দারুণ এক গোল করে আলোচনায় এসেছিলেন তিনি। বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচেও প্রথম একাদশে একমাত্র স্ট্রাইকার হিসেবে খেলেন সুফিল। ওই ম্যাচ খেলেই কাতার থেকে ফিরে বিয়ের আনুষ্ঠানিকতা সারেলেন তিনি।

বগুড়ার মেয়ে অর্থী ক্রিকেট খেলেন রাজশাহী বিভাগের হয়ে। প্রিমিয়ার লিগে ঢাকা মোহামেডানের হয়ে খেলতে দেখা গেছে তাকে। জাতীয় ইমার্জিং দলের ক্যাম্পেও ডাক পেয়েছিলেন অর্থী।

বার্সা কোচের চোখে ‘মেসি বনাম রোনালদো’

বার্সেলোনা ও জুভেন্টাসের চ্যাম্পিয়নস লিগ ম্যাচ দিয়ে দুই বছর পর প্রথমবার মুখোমুখি হচ্ছেন লিওনেল মেসি ও ক্রিস্টিয়ানো রোনালদো। মঙ্গলবারের এই ম্যাচের আগে মেসি না রোনালদো, কে সেরা- সেই বিতর্কে জড়াতে চান না বার্সা কোচ রোনাল্ড কোমান।

লা লিগায় মেসি-রোনালদো দ্বৈরথ এক অন্য পর্যায়ে চলে গিয়েছিল, যার শেষ হয় পর্তুগিজ উইঙ্গারের ঠিকানা বদলে। এই মৌসুমের চ্যাম্পিয়নস লিগ ড্রর পর আবার ভক্তরা নড়েচড়ে বসেছিল দুজনের প্রতিদ্বন্দ্বিতা দেখতে। কিন্তু দুর্ভাগ্যবশত রোনালদো করোনাভাইরাসে আক্রান্ত হওয়ায় তুরিনে দেখা হয়নি তাদের মুখোমুখি লড়াই। ২-০ গোলে বার্সাকে জেতাতে ওই ম্যাচে পেনাল্টি থেকে দ্বিতীয় গোল করেন মেসি।

তবে এবার ন্যু ক্যাম্পে ফিরছেন রোনালদো। এই ম্যাচের আগে দুই ‘অবিশ্বাস্য’ প্রতিভাবান খেলোয়াড়ের শ্রেষ্ঠত্ব নিয়ে কোনও কথা বললেন না বার্সা কোচ। কোমান কেবল এই ম্যাচে তাদের খেলাটা উপভোগ করতে চান, ‘এটা চমৎকার যে এই দুই খেলোয়াড় দীর্ঘদিন ধরে বিশ্ব ফুটবলের শীর্ষ পর্যায়ে। তারা সেরা খেলোয়াড়, আমার মতে, গত ১০ থেকে ১৫ বছর ধরে। এতদিন ধরে সফল হওয়া অসাধারণ। তারা দুজনে প্রশংসার দাবি রাখে।’

দুজনের মধ্যে পার্থক্য খুব কম লক্ষ করেন বার্সা কোচ, ‘তারা আলাদা। কিন্তু গোল করা, হ্যাটট্রিক আর পুরস্কার জয়ে তাদের পরিসংখ্যান অবিশ্বাস্য। কে সেরা তা বলাটা বেমানান কারণ তারা অসাধারণ। তারা সেরা কিছু গোল আর শিরোপা দিয়ে আমাদের অনেক স্মরণীয় সন্ধ্যা উপহার দিয়েছে। আশা করি কাল রাতেও আমরা তাদের খেলা উপভোগ করতে পারবো।’

উল্লেখ্য, এরই মধ্যে নকআউট পর্ব নিশ্চিত করেছে বার্সেলোনা ও জুভেন্টাস। তবে আজকের ম্যাচের ফলাফলে গ্রুপ চ্যাম্পিয়ন নির্ধারিত হবে। ড্র করলে বার্সেলোনাই গ্রুপ চ্যাম্পিয়ন হবে। আগের লেগে জুভেন্টাসকে ২-০ গোলে হারিয়েছিল কাতালানরা। তাছাড়া পয়েন্ট তালিকায়ও এগিয়ে আছেন মেসিরা (বার্সেলোনা ১৫, জুভেন্টাস ১২)।

বিশেষ স্বীকৃতি পেল ‘চেলসি বাংলাদেশ সাপোর্টার্স ক্লাব’

বার্সেলোনা, রিয়াল মাদ্রিদ, পিএসজিসহ ইউরোপের ক্লাবগুলোর তুমুল জনপ্রিয়তা ছড়িয়ে পড়েছে বাংলাদেশে। এসব ক্লাবের সমর্থকগোষ্ঠীও তৈরি হয়েছে দেশে। চেলসির বাংলাদেশি সাপোর্টার্স ক্লাবও সেভাবেই গড়ে ওঠা। ২০১২ সালে এই সমর্থক দলটিকে স্বীকৃতিও দেয় চেলসি ক্লাব।

এবার এই সমর্থক দল পেয়েছে নতুন একটা স্বীকৃতি। ১ হাজার নিবন্ধিত সদস্যের মাইলফলক পেরোনোর পর ‘চেলসি বাংলাদেশ সাপোর্টার্স ক্লাব’—কে ‘গোল্ড টায়ার’ সনদ দিয়েছে স্টামফোর্ড ব্রিজের ক্লাবটি।

বিশ্বজুড়ে চেলসির সমর্থক দল রয়েছে পাঁচশ’রও বেশি। তবে এর মধ্যে মাত্র ১৪টি সমর্থক দল এই গোল্ড টায়ার মর্যাদা অর্জন করতে পেরেছে। যে তালিকায় নাম রয়েছে ‘চেলসি বাংলাদেশ সাপোর্টার্স ক্লাব’-এর।

চেলসির ছাড়াও বার্সেলোনা রিয়াল মাদ্রিদ, জুভেন্টাস, ম্যানচেস্টার ইউনাইটেড, লিভারপুলের মতো ইউরোপের বড় ক্লাবগুলোর স্বীকৃত সমর্থকগোষ্ঠী আছে বাংলাদেশে।

ঝিনাইদহে আন্তঃ উপজেলা ভলিবল টুর্নামেন্টে হরিণাকুণ্ডু

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]